



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 20 সেপ্টেম্বর পর্যন্ত COVID সম্পর্কিত বাণিজ্যিক উচ্ছেদের উপর নিষেধাজ্ঞা জারি করে কার্যনির্বাহী আদেশ ঘোষণা করেন

নিউ ইয়র্ক স্টেটে COVID-19 মহামারির মধ্যে আবাসিক ও বাণিজ্যিক ভাড়াটীদের উচ্ছেদ ও দেহিতে ভাড়া দেওয়ার ফি থেকে রক্ষা অব্যাহত রেখেছে

এখানে ***গভর্নরের নির্বাহী আদেশ পড়ুন***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ COVID-সম্পর্কিত বাণিজ্যিক উচ্ছেদ ও পূর্বাভাসের বিষয়ে স্টেটের স্বগিতাদেশের অতিরিক্ত এক মাস, 20 অক্টোবর পর্যন্ত এক নির্বাহী আদেশের ঘোষণা করেছেন। এই পদক্ষেপ বাণিজ্যিক ভাড়াটে এবং বন্ধকী ব্যবসায়ীদের জন্য সুরক্ষা প্রদান করার জন্য বিদ্যমান পদক্ষেপকে বর্ধিত করেছে যা খুচরা প্রতিষ্ঠান এবং রেস্টুরেন্টসহ ব্যবসায়িক মালিকদের উপর মহামারীর অর্থনৈতিক প্রভাবের স্বীকৃতিস্বরূপ নেওয়া হয়। এই সুরক্ষার মেয়াদ বৃদ্ধি বাণিজ্যিক ভাড়াটে ও বন্ধককারীদের তাদের নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য এবং বকেয়া ভাড়া দেওয়া বা তাদের ইজারার শর্তাবলী পুনর্বিবেচনা করার জন্য অতিরিক্ত সময় দেয় যাতে উচ্ছেদ প্রক্রিয়া এবং নিষেধাজ্ঞা এগিয়ে যাওয়া এড়ানো যায়।

"মহামারি এখনো শেষ হয়নি এবং জনস্বাস্থ্য রক্ষার জন্য প্রয়োজনীয় বিধিনিষেধের মধ্যে আমাদের ব্যবসায়ীদের ও তাদের পরিবারকে সহায়তা করে রক্ষা করা চালিয়ে যেতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "এজন্যই বাণিজ্যিক ভাড়াটীদের উচ্ছেদের উপর নিষেধাজ্ঞা আরো 30 দিন বাড়ানোর সঠিক সিদ্ধান্ত।"

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় কোনো ভাড়াটেকে উচ্ছেদ করা হবে না তা নিশ্চিত করতে গভর্নর কুওমো প্রথম 20 মার্চ আবাসিক এবং বাণিজ্যিক উচ্ছেদের উপর স্টেটের স্বগিতাদেশ ঘোষণা করেন। বাণিজ্যিক উচ্ছেদ ও নিষেধাজ্ঞা স্বগিতাদেশ 20 আগস্ট এবং পরে নির্বাহী আদেশ দ্বারা 20 সেপ্টেম্বর পর্যন্ত বাড়ানো হয় এবং গভর্নর 30 জুন টেনান্ট সেফ হারবার (Tenant Safe Harbor) আইনে স্বাক্ষর করেন যা অবিলম্বে কার্যকর হয়ে ওঠে ও আবাসিক ভাড়াটে এবং বাড়ির মালিকদের আর্থিক সহায়তা প্রদানের জন্য অতিরিক্ত আইন কার্যকর করে যা জরুরি অবস্থা শেষ না হওয়া অবধি এই ভাড়াটীদের জন্য স্বগিতাদেশ বাড়িয়েছে। গভর্নর কুওমো আবাসিক ভাড়াটীদের দেহিতে ভাড়া পরিশোধের জন্য চার্জ থেকে রক্ষার জন্য অতিরিক্ত সুরক্ষা প্রদান করেছেন এবং ভাড়াটীদেরকে

নির্বাহী আদেশের মাধ্যমে আবাসিক ভাড়াটীদের ভাড়া প্রদানের ক্ষেত্রে সুরক্ষা আমানত ব্যবহারের অনুমতি দিয়েছেন।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)